গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন ও শৃঙ্খলা বিষয়ক অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে দায়েরকৃত মামলাসমূহ সরকারের স্বার্থ রক্ষার্থে প্রতিদ্বন্দ্বিতা, সুষ্ঠু তদারকি, পরিচালনা ও পরামর্শ প্রদানের নিমিত্ত চুক্তিভিত্তিক মোট ০২(দুই) জন প্যানেল আইনজীবী তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী আইনজীবীদের নিকট হতে নিম্নলিখিত শর্তে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

| | |
|---|---|
| ১ | আবেদনকারী আইনজীবীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হতে হবে; |
| ২ | আইনজীবীগণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা (পক্ষে/বিপক্ষে) পরিচালনা (TOR অনুযায়ী) ও প্রতিদ্বন্দ্বিতা করবেন এবং চুক্তির শর্তানুসারে সরকার/অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত হারে মামলা পরিচালনার জন্য ফি/সম্মানী প্রাপ্য হবেন। সকল প্রকার ফি/সম্মানী/খরচ হতে বিধি মোতাবেক সরকারি সকল কর্তন নিশ্চিত করা হবে; |
| ৩ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না; |
| ৪ | নিয়োজিত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে নির্দিষ্ট ছকে নির্ধারিত তারিখের মধ্যে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর দাখিল করতে হবে; |
| ৫ | মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বিপক্ষে রায় হলে জরুরিভিত্তিতে পরবর্তী করণীয় বিষয়ে লিখিতভাবে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর অবহিত করতে হবে; |
| ৬ | কোনো প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে আবেদনে তা উল্লেখ করতে হবে। বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগপ্রাপ্ত হলে ০৩ (তিন) টির বেশি সরকারি প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হতে পারবেন না; |
| ৭ | হাইকোর্ট বিভাগে এ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা ও আপিল বিভাগে এনরোলমেন্ট থাকতে হবে (প্রমাণক আবশ্যক); |
| ৮ | আবেদনকারীর বয়স ৩১/০৩/২০২৪ তারিখে ৬৫(পঁয়ষট্টি) বছরের অধিক হতে পারবে না; |
| ৯ | ০৩(তিন) বছরের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে। তবে সন্তোষজনক কর্মদক্ষতার ভিত্তিতে চুক্তির মেয়াদ বৃদ্ধি/নবায়ন করা যেতে পারে; |
| ১০ | নিয়োগপ্রাপ্ত বিজ্ঞ আইনজীবী দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে সেক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে; |
| ১১ | কোনো প্যানেল আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে, কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে; |
| ১২ | কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |

নিম্নবর্ণিত চাহিদা প্রতিপালনপূর্বক আবেদন করতে হবে:

| | |
|---|---|
| ক | আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, ফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা ইত্যাদিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত আবেদনে উল্লেখ করতে হবে; |
| খ | আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে; |
| গ | আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে; |
| ঘ | আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, এসএসসি থেকে আইনসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত অভিজ্ঞতা/সনদপত্রসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে; |
| ঙ | হাইকোর্ট বিভাগে এ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা ও আপিল বিভাগে এনরোলমেন্ট-এর প্রমাণকের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে; |
| চ | আগামী ০২/০৫/২০২৪ তারিখ বেলা ০২.০০ টার মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভবন নং-৬, কক্ষ নং-১৭০৯) বরাবর আবেদন পৌঁছাতে হবে। |

প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিজ্ঞপ্তিসহ আবেদনের শর্তাবলী, কর্মপরিধি (TOR), আইনজীবীগণের মামলা পরিচালনায় ভাতা/ফি'র তালিকা, আবেদনর ফরম মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর ওয়েব সাইট www.shed.gov.bd –এ পাওয়া যাবে।

০২.০৪.২০২৪
(আবু সাঈদ মো: ফজলে এলাহী)
উপসচিব (আইন ও শৃঙ্খলা বিষয়ক অধিশাখা)
ফোন: ০২৫৫১০০৮১৭

# বেসরকারি/প্যানেল আইনজীবী নিয়োগের জন্য আবেদনের শর্তাবলী

## (Requisites for Application)

১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজন অনুযায়ী প্যানেলভুক্ত আইনজীবীগণ হতে মামলার গুরুত্ব বিবেচনায় এক বা একাধিক আইনজীবী নিয়োগ করবে;

২। প্যানেলভুক্ত আইনজীবীগণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও এর অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের পক্ষে/বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলাসমূহে সুনির্দিষ্ট নিয়োগপত্রের ভিত্তিতে এতদুপলক্ষে প্রণীত কর্মপরিধি (টিওআর) অনুযায়ী সরকারি আইনজীবীর পাশাপাশি মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করবেন;

৩। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্বার্থ রয়েছে, এমন মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর বিপক্ষে প্যানেলভুক্ত আইনজীবীগণ প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না;

৪। মাননীয় হাইকোর্ট বিভাগে এনরোলমেন্টের পরে মামলা পরিচালনায় কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং মাননীয় আপিল বিভাগে এনরোলমেন্ট থাকতে হবে;

৫। অন্য কোনো প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্ত থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে;

৬। আবেদনকারীর বয়স ৩১/০৩/২০২৪ তারিখে ৬৫ (পঁয়ষট্টি) বছর বা তার কম হতে হবে;

৭। প্যানেলভুক্ত কোনো বিজ্ঞ আইনজীবী কোনো নির্দিষ্ট মামলায় নিযুক্ত হলে উক্ত নিযুক্ত আইনজীবী টিওআর এর সাথে সংযুক্ত তালিকায় (যা টিওআর এর অংশ) বর্ণিত হারে (পরবর্তীতে সময় সময় হালনাগাদকৃত হারে) সম্মানী/ফি প্রাপ্য হবেন। উক্ত সম্মানী/ফি'র ওপর সরকারি কর্তনাদি প্রযোজ্য হবে। তালিকায় উল্লিখিত খাতসমূহের বাইরে অন্য কোনো খাতে কোনো অর্থ/বিল প্রাপ্য হবেন না;

৮। প্যানেলভুক্ত কোনো বিজ্ঞ আইনজীবী কোনো নির্দিষ্ট মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক স্বতন্ত্র নিয়োগপত্রের ভিত্তিতে নিযুক্ত হলে কেবল সে ক্ষেত্রেই উক্ত আইনজীবী তালিকায় বর্ণিত হারে (পরবর্তীতে সময় সময় হালনাগাদকৃত) সম্মানী/ফি প্রাপ্য হবেন। শুধু প্যানেলভুক্ত থাকার কারণে কোনো বিজ্ঞ আইনজীবী কোনো প্রকার সম্মানী/ফি অথবা মাসিক ভাতা প্রাপ্য হবেন না;

৯। প্যানেলভুক্তির জন্য মনোনীত আইনজীবীগণকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক নিগোসিয়েশনের মাধ্যমে প্রণীত দ্বিপাক্ষিক চুক্তিনামায় স্বাক্ষর করতে হবে;

১০। আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, এসএসসি, এইচএসসি, স্নাতক/স্নাতকোত্তর, আইন বিষয়ক ডিগ্রিসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এবং বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত/অভিজ্ঞতা সংক্রান্ত সনদসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;

১১। নিযুক্ত প্যানেল, প্যানেলভুক্তির তারিখ থেকে ০৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে, তবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক মেয়াদ বর্ধিত করা হলে একই শর্তাধীনে নতুন করে চুক্তিনামা স্বাক্ষরের প্রেক্ষিতে নতুন মেয়াদে তা কার্যকর হবে;

১২। প্যানেলভুক্ত কোনো বিজ্ঞ আইনজীবী সরকারের পক্ষে মামলা পরিচালনার কারণে বা অন্য কোনোভাবে মামলা সংক্রান্ত নথিতে রক্ষিত সরকার পক্ষের গোপনীয় কোনো তথ্য (উপাত্ত, ম্যাপ, ছবি, সিদ্ধান্ত ইত্যাদি) কিংবা কোনো বিশেষ তথ্য না থাকা সংক্রান্ত তথ্য, সরকার বা মন্ত্রণালয়ের বিপক্ষে কার্যরত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরবরাহ বা অন্য কোনরূপে অবহিত করতে পারবেন না;

১৩। কর্তৃপক্ষ (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ) প্রয়োজনে নির্ধারিত ভাতা/ফি'র ভিত্তিতে মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তর/সংস্থার মামলায় প্রেষণে মন্ত্রণালয়ের পক্ষে কাজ করার দায়িত্ব প্রদান করলে নিয়োগকৃত বিজ্ঞ আইনজীবী তা করতে বাধ্য থাকবেন;

১৪। কোনো বিজ্ঞ আইনজীবী প্যানেল হতে অব্যাহতি চাইলে অথবা কোনো নির্দিষ্ট মামলায় নিযুক্ত থাকাবস্থায় অব্যাহতি চাইলে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে এ বিভাগকে অবহিত করবেন;

১৫। নিয়োগকারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ) চাইলে যে কোনো সময় কোনো কারণ দর্শানো ব্যতীত কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে প্যানেলভুক্ত যে কোনো বিজ্ঞ আইনজীবীকে অব্যাহতি দিতে পারবে;

১৬। অসম্পূর্ণ, ত্রটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত সকল আবেদন সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে;

১৭। প্যানেলভুক্তির জন্য দাখিলকৃত যে কোনো আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে অনুমোদন বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

## বেসরকারি/প্যানেল আইনজীবীগণের কর্মপরিধি (**Terms of Reference**)

১। প্যানেলভুক্ত আইনজীবীগণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও এর অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের পক্ষে/বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলাসমূহে সুনির্দিষ্ট নিয়োগপত্রের ভিত্তিতে এতদুপলক্ষে প্রণীত কর্মপরিধি (টিওআর) অনুযায়ী সরকারি আইনজীবীর পাশাপাশি মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করবেন;

২। নিয়োগকৃত আইনজীবী/আইনজীবীগণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্বার্থ রয়েছে, এমন মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না;

৩। নিয়োগকৃত আইনজীবী/আইনজীবীগণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর নির্দেশনামতে বিজ্ঞ এ্যাটর্নি জেনারেল অফিসের সাথে সার্বিক সমন্বয়ের মাধ্যমে অর্পিত দায়িত্ব পালন করবেন;

৪। সরকারি স্বার্থ রক্ষার্থে মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে নিয়োগকৃত বিজ্ঞ আইনজীবীকে সদা তৎপর থাকতে হবে;

৫। নিযুক্ত বিজ্ঞ বেসরকারি/প্যানেল আইনজীবী তাঁর নিকট হস্তান্তরিত যে কোনো মামলা যে কোনো সময় কর্তৃপক্ষ (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ) নির্দেশ দিলে উক্ত মামলার কাগজপত্র/দলিলাদি/অনাপত্তিপত্রসহ অন্য কোনো আইনজীবীর নিকট অনতিবিলম্বে হস্তান্তর করবেন;

৬। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর প্যানেলভুক্ত আইনজীবী থাকাকালীন কোনো বিজ্ঞ বেসরকারি/প্যানেল আইনজীবী এ বিভাগের মামলা সংক্রান্ত কোনো বিষয়ে প্রতিপক্ষকে কোনরূপ সহযোগিতা/মতামত/পরামর্শ প্রদান কিংবা এ বিভাগের বিপক্ষে কোনো আদালতে কোনো মামলা পরিচালনা করতে পারবেন না;

৭। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর সার্বিক তত্ত্বাবধানে থেকে এ বিভাগ সংশ্লিষ্ট মামলা ও আইন সংক্রান্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে নিযুক্ত বেসরকারি/প্যানেল আইনজীবীর আন্তরিকতার অভাব কিংবা যথাযথ তদারকির ত্রুটির কারণে সরকার পক্ষ কোনরূপ ক্ষতির সম্মুখীন হলে কর্তৃপক্ষের নিকট তাঁর জবাবদিহি থাকবে;

৮। বিজ্ঞ প্যানেল আইনজীবীর নিকট হস্তান্তরিত সকল মামলার তথ্যাদি যথাযথভাবে রেজিস্টারভুক্ত (ডাটাবেজ) করে প্রত্যেক মামলার হালনাগাদ অবস্থা প্রতি ০৩ (তিন) মাস অন্তর সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-কে অবহিত করতে হবে;

৯। প্যানেলভুক্ত কোনো বিজ্ঞ আইনজীবী কোনো নির্দিষ্ট মামলায় নিযুক্ত হলে উক্ত নিযুক্ত আইনজীবী এই টিওআর এর সাথে সংযুক্ত তালিকায় (যা টিওআর এর অংশ) বর্ণিত হারে সম্মানী/ফি প্রাপ্য হবেন। তালিকায় উল্লিখিত খাতসমূহের বাইরে অন্য কোনো খাতে কোনো অর্থ/বিল প্রাপ্য হবেন না বা কোনো প্রকার মাসিক ভাতা প্রাপ্য হবেন না;

১০। প্যানেলভুক্ত কোনো বিজ্ঞ আইনজীবী কোনো নির্দিষ্ট মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক স্বতন্ত্র নিয়োগপত্রের ভিত্তিতে নিযুক্ত হলে কেবল সে ক্ষেত্রেই উক্ত আইনজীবী তালিকায় বর্ণিত হারে সম্মানী/ফি প্রাপ্য হবেন। শুধু প্যানেলভুক্ত থাকার কারণে কোনো বিজ্ঞ আইনজীবী কোনো প্রকার সম্মানী/ফি অথবা কোনো প্রকার মাসিক ভাতা প্রাপ্য হবেন না;

১১। মাননীয় হাইকোর্ট বিভাগে বিচারের জন্য কজলিস্টে সিরিয়াল ১০০ এর মধ্যে থাকা মামলার ক্ষেত্রে শুনানি হলে ফি এবং শুনানি না হলে 'Appearance' ফি হিসেবে বিজ্ঞ আইনজীবীর বিল পরিশোধ করা হবে। কজলিস্টে সিরিয়াল ১০০ এর বেশি হলে কোনরূপ ফি/সম্মানী পরিশোধ করা হবে না;

১২। নিয়োগকৃত আইনজীবীর ফি/সম্মানী হতে বিধি মোতবেক সরকারি করসমূহ আদায় করা হবে;

১৩। নিয়োগকৃত বিজ্ঞ প্যানেল আইনজীবী সরকারের পক্ষে মামলা পরিচালনার কারণে বা অন্য কোনভাবে মামলা সংক্রান্ত নথিতে রক্ষিত সরকার পক্ষের গোপনীয় কোনো তথ্য (উপাত্ত, ম্যাপ, ছবি, সিদ্ধান্ত ইত্যাদি) কিংবা কোনো বিশেষ তথ্য না থাকা সংক্রান্ত তথ্য, সরকার বা বিভাগের বিপক্ষে কার্যরত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরবরাহ বা অন্য কোনরূপে অবহিত করতে পারেবন না;

১৪। কোনো বিজ্ঞ আইনজীবী প্যানেল হতে অব্যাহতি চাইলে অথবা কোনো নির্দিষ্ট মামলায় নিযুক্ত থাকাবস্থায় অব্যাহতি চাইলে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে এ বিভাগ অবহিত করবেন;

১৫। নিয়োগকারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ) চাইলে যে কোনো সময় কোনো কারণ দর্শানো ব্যতীত কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে প্যানেলভুক্ত অথবা কোনো নির্দিষ্ট মামলায় নিযুক্ত যে কোনো এক বা একাধিক বিজ্ঞ প্যানেল আইনজীবীকে অব্যাহতি দিতে পারবে।

## বিজ্ঞ বেসরকারি/প্যানেল আইনজীবীগণের ভাতা/ফি'র তালিকা (টিওআর এর অংশ)

মাননীয় সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর স্বার্থ সংশ্লিষ্ট জরুরি/অতিগুরুত্বপূর্ণ/জনস্বার্থ সংশ্লিষ্ট মামলা দায়ের/পরিচালনার নিমিত্ত এ বিভাগ কর্তৃক নিযুক্ত বেসরকারি/প্যানেল আইনজীবীগণের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ভাতা/ফি'র হার (অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৭২.৩৬.০০৪.২০-১৭, তারিখ ২৮ জানুয়ারি, ২০২৪)।

ছক-ক): মহামান্য সুপ্রিম কোর্ট অব বাংলাদেশের হাইকোর্ট বিভাগের মামলা পরিচালনার জন্য নিয়োগকৃত বিজ্ঞ বেসরকারি/প্যানেল আইনজীবীগণের ফি/সম্মানী :

| ক্র/নং | আইটেমের বিবরণ | প্রস্তাবিত হার | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মামলার আরজি ও দফাওয়ারী জবাব প্রস্তুত, আপিল গ্রাউন্ডস/রিভিউ গ্রাউন্ডস প্রস্তুত ও দাখিলকরণ/এফিডেভিট ইন অপজিশন কমপ্লায়েন্স প্রস্তুত ও আদালতে দাখিলকরণ | ২০,০০০/- (বিশ হাজার) টাকা | |
| ২ | মামলার আরজি ও জবাব সংশোধন/ কাউন্টার এফিডেভিট/সাপ্লিমেন্টারি এফিডেভিট/স্থগিত আদেশ/নিষেধাজ্ঞা বা আদেশ ভ্যাকেট এর জন্য আবেদন দাখিল | ৮,০০০/- (আট হাজার) টাকা | |
| ৩ | পেপারবুক প্রস্তুত | প্রকৃত খরচ | |
| ৪ | কজলিস্টভুক্ত মামলায় বিজ্ঞ আইনজীবী আদালতে উপস্থিত থাকা সত্ত্বেও শুনানি না হলে 'উপস্থিতি ফি' | ২,০০০/- (দুই হাজার) টাকা | |
| ৫ | শুনানি (মোশনসহ)/চূড়ান্ত শুনানি/ বিশেষ শুনানি/সাবস্ট্যানটিভ শুনানি | ২০,০০০/- (বিশ হাজার) টাকা | |

| | | | |
|---|---|---|---|
| ৬ | কোর্ট ফি, তলবানা ফি, সেকশন খরচ, সিকিউরিটি মানি জমা | প্রকৃত খরচ | |
| ৭ | মামলার আর্জি/জবাব/আদেশ/রায়ের সার্টিফাইড কপি উত্তোলন | প্রকৃত খরচ | |
| ৮ | রায় ঘোষণার সময় উপস্থিতি | ১৫০০/- (এক হাজার পাঁচ শত) টাকা | |
| ৯ | লিগ্যাল নোটিশ প্রস্তুত ও জারি/লিগ্যাল নোটিশের জবাব প্রস্তুত ও জারি | ২,০০০/- (দুই হাজার) টাকা | |
| ১০ | আইনগত মতামত | ৩,০০০/- (তিন হাজার) টাকা | |
| ১১ | বিবিধ (ফটোকপি, যোগাযোগ, মোবাইল খরচ প্রভৃতিসহ) | প্রকৃত ব্যয়/সর্বোচ্চ ২,০০০/- (দুই হাজার) টাকা | |

ছক-খ): মহামান্য সুপ্রিম কোর্ট অব বাংলাদেশের আপিল বিভাগে মামলা পরিচালনার জন্য বিজ্ঞ বেসরকারি/প্যানেল আইনজীবী'র ফি/সম্মানী:

| ক্র/নং | আইটেমের বিবরণ | প্রস্তাবিত হার | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মামলার আরজি ও দফাওয়ারী জবাব প্রস্তুত, আপিল গ্রাউন্ডস/রিভিউ গ্রাউন্ডস প্রস্তুত ও দাখিলকরণ/এফিডেভিট ইন অপজিশন কমপ্লায়েন্স প্রস্তুত ও আদালতে দাখিলকরণ | ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা | |
| ২ | মামলার আরজি ও জবাব সংশোধন/কাউন্টার এফিডেভিট/সাপ্লিমেন্টারি এফিডেভিট/স্থগিত আদেশ/নিষেধাজ্ঞা বা আদেশ ভ্যাকেট এর জন্য আবেদন দাখিল | ১০,০০০/- (দশ হাজার) টাকা | |
| ৩ | পেপারবুক প্রস্তুত | প্রকৃত খরচ | |
| ৪ | কজলিস্টভুক্ত মামলায় বিজ্ঞ আইনজীবী আদালতে উপস্থিত থাকা সত্বেও শুনানি না হলে 'উপস্থিতি ফি' | ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা | |
| ৫ | শুনানি (মোশনসহ)/চূড়ান্ত শুনানি/ বিশেষ শুনানি/সাবস্ট্যানটিভ শুনানি | ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা | |
| ৬ | কোর্ট ফি, তলবানা ফি, সেকশন খরচ, সিকিউরিটি মানি জমা | প্রকৃত খরচ | |
| ৭ | মামলার আর্জি/জবাব/আদেশ/ রায়ের সার্টিফাইড কপি উত্তোলন | প্রকৃত খরচ | |
| ৮ | রায় ঘোষণার সময় উপস্থিতি | ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা | |
| ৯ | লিগ্যাল নোটিশ প্রস্তুত ও জারি/লিগ্যাল নোটিশের জবাব প্রস্তুত ও জারি | ৩,০০০/- (তিন হাজার) টাকা | |
| ১০ | আইনগত মতামত | ৪,০০০/- (চার হাজার) টাকা | |
| ১১ | বিবিধ (ফটোকপি, যোগাযোগ, মোবাইল খরচ প্রভৃতিসহ) | প্রকৃত ব্যয়/সর্বোচ্চ ২,০০০/- (দুই হাজার) টাকা | |

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন ফরম (প্রস্তাব পত্র)

| | | | |
|---|---|---|---|
| ১ | আবেদনকারীর নাম | : | |
| ২ | পিতার নাম | : | |
| ৩ | মাতার নাম | : | |
| ৪ | জন্ম তারিখ | : | |
| ৫ | ৩১/০৩/২০২৪ তারিখে বয়স | : | |
| ৬ | স্থায়ী ঠিকানা | : | |
| ৭ | বর্তমান/যোগাযোগের ঠিকানা | : | |
| ৮ | চেম্বার/অফিসের ঠিকানা | : | |
| ৯ | অন্য কোনো প্রতিষ্ঠানে প্যানেলভুক্ত কিনা | : | |
| ১০ | সবোর্চ্চ শিক্ষাগত যোগ্যতা (আইন বিষয়সহ) | : | |
| ১১ | হাইকোর্ট বিভাগে এনরোলমেন্টের তারিখ | : | |
| ১২ | হাইকোর্ট বিভাগে প্র্যাকটিসের অভিজ্ঞতা | : | |
| ১৩ | আপিল বিভাগে এনরোলমেন্টের তারিখ | : | |
| ১৪ | আপিল বিভাগে প্র্যাকটিসের অভিজ্ঞতা | : | |
| ১৫ | বিশেষ যোগ্যতা/অভিজ্ঞতা (যদি থাকে) | : | |
| ১৬ | সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর চাকরি/এমপিও সংক্রান্ত মামলা পরিচালনার অভিজ্ঞতা (যদি থাকে, প্রমাণক হিসেবে এ সংক্রান্ত মামলার রায় সংযুক্ত করতে হবে) | : | |
| ১৭ | ফোন/মোবাইল নম্বর | : | |
| ১৮ | ই-মেইল | : | |
| ১৯ | আবেদনকারীর স্বাক্ষর, তারিখ ও সিল | : | |

**(** সাধারণ ও আইন বিষয়ক সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করতে হবে**)**

**আবেদন দাখিলের নিয়মাবলী:**

(ক) আবেদনকারী ফরমটি ডাউনলোড করে অথবা একই ফরমেটে নিজে প্রস্তুত করে যথাযথভাবে পুরণপূর্বক নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দাখিল করতে পারবেন;

(খ) আবেদনের সাথে ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে;

(গ) সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;

(ঘ) আইন বিষয়ে যোগ্যতার সনদসহ সংশ্লিষ্ট বার কাউন্সিলে অন্তর্ভুক্তির সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

(ঙ) জাতীয় পরিচয় পত্রের কপি সংযুক্ত করতে হবে;

(চ) আবেদন/প্রস্তাব আবদ্ধ খামে (খামের উপর প্রেরকের নাম , ঠিকানা উল্লেখসহ) আগামী ০২/০৫/২০২৪ তারিখ বেলা ০২.০০ টার মধ্যে সরাসরি/ডাকযোগে নিচের ঠিকানায় পৌঁছাতে হবে;

(ছ) আবেদন/প্রস্তাব পৌঁছানোর ঠিকানা: অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), কক্ষ নং ১৭০৬, ভবন নং ০৬, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২.০৪.২৪

আবু সাঈদ মো: ফজলে এলাহী
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার